# লাইফ কেয়ার সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ

ঠিকানাঃ গ্রাম: চরমত্ত, ডাকঘরঃ জাগীর, উপজেলাঃ মানিকগঞ্জ সদর, জেলাঃ মানিকগঞ্জ।

স্থাপিতঃ ২০০৬


সূত্র ঃ

তারিখ ঃ ২৮/০৯/২০২৪ইং

"বিশেষ সাধারণ সভা ও নির্বাচনী বিজ্ঞপ্তি"

এতদ্বারা **"লাইফ কেয়ার " সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ** সদস্যগনকে জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ০৭-০৯-২০২৪খ্রিঃ তারিখে সভার সিদ্ধান্তক্রমে আগামী ২০-১১-২০২৪খ্রিঃ তারিখ রোজঃ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় সমিতির কার্যালয়ে নির্বাচনী বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সাধারণ সভায় সমিতির ব্যবস্থাপনা কমিটির ০১(এক) জন সভাপতি,০১(এক) জন সহ-সভাপতি, ০১(এক)জন সম্পাদক, ০১(এক) জন যুগ্ন-সম্পাদক, ০১(এক) জন কোষাধক্ষ্য, ০১(এক) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবে।

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্য ও নিয়মাবলী সমিতির অফিস হতে অফিস চলাকালীন সময়ে অথবা নিয়োগকৃত নির্বাচন কমিটির নিকট হতে নির্বাচনের ৩০(ত্রিশ) দিন পূর্বে জানা যাবে।

আলোচ্য সূচীঃ

ক) ব্যবস্থাপনা কমিটির নির্বাচন।

সংযুক্তঃ খসড়া ১৫৭ পাতা।

আছর উদ্দিন আহমেদ
সম্পাদক
ব্যবস্থাপনা কমিটি
লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

স্মারক নং-

তারিখ-২৮/০৯/২৪ইং

০১। জনাব ........২৮২৭........,সদস্য লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।
০২। উপজেলা সমবায় অফিসার মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।
০৩। জেলা সমবায় অফিসার মানিকগঞ্জ।


মোবাইলঃ ০১৭১১-২২০৭৮৫, ০১৭১৩-৫৬৩০৫৪ ই-মেইলঃ lifecaresoncoy@gmail.com

উপজেলা সমবায় কার্যালয়
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।
ডাইরী নং- ২০৭ তারিখ ১৬/১০/২৪
ব্যবস্থা নিনঃ সহঃ পরিদর্শক, জনাব ............../
অফিস সহকারী।

১৬/১০/২০২৪

লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং- ০০৪৪ তারিখ ২৯/০৬/২০১৬ খ্রিঃ

গ্রাম- চর মত্ত, ডাকঘর- জাগীর,উপজেলা- মানিকগঞ্জ সদর, জেলা -মানিকগঞ্জ

ও

# নির্বাচন কমিটির কার্যালয়

তারিখ ১৫/১০/২০২৪ খ্রিঃ

স্মারক নং- ০১

এতদ্বারা লাইফ কেয়ারা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সম্মানিত সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ০৭/০৯/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে সমিতির কার্যালয়ে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভা ও সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ২০২৪ খ্রিঃ উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে ।

উক্ত নির্বাচন ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত এবং সমিতির নিবন্ধিত উপ-আইনের ২০(১) উপবিধি অনুযায়ী ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ০১ (এক) জন সম্পাদক, ০১ (এক) জন্য যুগ্ম-সম্পাদক, ০১ (এক) জন কোষাধ্যক্ষ এবং ০১ (এক) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সর্বমোট ০৬ (ছয়) টি পদে সকল সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবে ।

জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ মহোদয়ের আদেশ নং ৭৩০ তারিখ ২৩/০৯/২০২৪ খ্রিঃ মূলে গঠিত নির্বাচন কমিটির ০৮/১০/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভায় সর্বসম্মত সিদ্ধান্তক্রমে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৭(১) ও ২৭(২) বিধি মোতাবেক নিম্ন বর্ণিত ভাবে নির্বাচনী তফসীল ঘোষণা করা হলো।

## নির্বাচনী তফসীল

| ক্রমিক নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র বিতরণ | ২৪/১০/২০২৪ খ্রিঃ ও ২৭/১০/২০২৪ খ্রিঃ | সকাল ১১টা হতে বিকাল ৩টা পর্যন্ত | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ |
| ০২ | মনোনয়ন পত্র জমা | ২৯/১০/২০২৪ খ্রিঃ | সকাল ১১টা হতে বিকাল ৩ টা পর্যন্ত | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ০৩ | মনোনয়ন পত্র বাছাই | ৩১/১০/২০২৪ খ্রিঃ | সকাল ১২ টা হতে বিকাল ৩ টা পর্যন্ত | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ০৪ | মনোনয়ন পত্র বাছাইয়ের বৈধ এবং বাতিলকৃত প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ৩১/১০/২০২৪ খ্রিঃ | বাছাইয়ের পর | সমিতির নোটিশ বোর্ড |
| ০৫ | বৈধ এবং বাতিলকৃত প্রার্থীর মনোনয়ন বিষয়ে আপীল গ্রহণ | ০৩/১১/২০২৪ খ্রিঃ ও ০৪/১১/২০২৪ খ্রিঃ | সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত | জেলা সমবায় কার্যালয় মানিকগঞ্জ |
| ০৬ | আপীলের আবেদনের উপর শুনানী গ্রহন | ০৫/১১/২০২৪ খ্রিঃ ০৬/১১/২০২৪ খ্রিঃ ও ০৭/১১/২০২৪ খ্রিঃ | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় কার্যালয় মানিকগঞ্জ |
| ০৭ | আপীলের ফলাফল | ০৭/১১/২০২৪ খ্রিঃ | শুনানীর পর | জেলা সমবায় কার্যালয় মানিকগঞ্জ |
| ০৮ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের তালিকা প্রকাশ | ১০/১১/২০২৪ খ্রিঃ | বিকাল ২:৩০টা | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ০৯ | মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখ | ১২/১১/২০২৪ খ্রিঃ | সকাল ১১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ১০ | বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ | ১৩/১১/২০২৪ খ্রিঃ | বিকাল ২:৩০টা | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ১১ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | ১৪/১১/২০২৪ খ্রিঃ | বিকাল ২:০০টা | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ১২ | ভোট গ্রহণ | ২০/১১/২০২৪ খ্রিঃ | সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ১৩ | ভোট গণনা | ২০/১১/২০২৪ খ্রিঃ | ভোট গ্রহনের পর | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |
| ১৪ | ফলাফল ঘোষণা | ২০/১১/২০২৪ খ্রিঃ | ভোট গণনার পর | সমিতির কার্যালয়, চর মত্ত, মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ |

## নির্বাচনের জন্য প্রতীক সমূহ

| | | |
|---|---|---|
| ক) | সভাপতি পদে | : চেয়ার, ছাতা, বাইসাইকেল । |
| খ) | সহ-সভাপতি পদে | : টেলিভিশন, ফুটবল, টেবিল । |
| গ) | সম্পাদক পদে | : গোলাপফুল, দেয়ালঘড়ি, মাছ । |
| ঘ) | যুগ্ম-সম্পাদক | : দোয়াত কলম, কলস, বটগাছ , । |
| ঘ) | কোষাধ্যক্ষ পদে | : আনারস,তালাচাবি ,বই । |
| ঃ) | ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে | : উড়োজাহাজ, গরুরগাড়ি,খেজুরগাছ, হরিণ, মোরগ, জগ, হাতি, আম, মোমবাতি । |

### অন্যান্য জ্ঞাতব্য ও পালনীয় বিষয় সমূহ :

১। নির্বাচন কমিটি কর্তৃক বিতরণকৃত মনোনয়ন পত্র ফরম যথাযথভাবে পূরণ করত: সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ/জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে ।

২। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১(এক) কপি পাসপোর্ট সাইজ ছবি সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ/জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে ।

৩। প্রার্থীকে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে ।

৪। প্রার্থীকে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৯(১) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ,২০২০) এর ২৪ (১-৫)বিধি মোতাবেক ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্য হতে হবে ।

৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ফ্লুইড দেওয়া কিংবা ভুল তথ্যসম্বলিত মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে ।

৬। একই প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারবে না করিলে ঐ প্রার্থীর সকল মনোনয়ন পত্র বাতিল বল গন্য হবে ।

৭। প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা একাধিক হলে নির্বাচন কমিটি সকল পদের জন্য অতিরিক্ত প্রতীক বরাদ্দ করিতে পারিবে ।

৮। ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবক মনোনয়ন পত্রের নির্ধারিত ফি (অফেরতযোগ্য) পরিশোধ পূর্বক মনোনয়ন পত্র গ্রহন করতে হবে ।

৯। প্রার্থী পদ চূড়ান্ত হওয়ার পর প্রতীক বরাদ্দ প্রদান করা হবে। একই প্রতীক একাধিক প্রার্থ দাবী করিলে নির্বাচন কমিটি কর্তক লটারীর মাধ্যমে ঐ প্রতীক বরাদ্দ করা হবে ।

১০। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৩৭ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৮৮(১ও ৩) বিধি অনুসরণ করতে হবে ।

১১। কোন পদে একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা না করলে ঐ পদের প্রার্থীকে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪(সংশোধিত, ২০২০) এর ৩২(১) বিধি মতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করা হবে ।

১২। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

(অমল সরকার)
সদস্য
নির্বাচন কমিটি
লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান স: স: লি:
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,মানিকগঞ্জ সদর,মানিকগঞ্জ

(মলিন চন্দ্র সরকার)
সদস্য
নির্বাচন কমিটি
লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান স: স: লি:
ও
পরিদর্শক
জেলা সমবয় কার্যালয়, মানিকগঞ্জ

(রিনাৎ ফৌজিয়া)
সভাপতি
নির্বাচন কমিটি
লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান স: স: লি:
ও
উপজেলা সমবায় অফিসার
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জনাব..........................................................সদস্য(সকল) , লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: ।

২। সভাপতি /সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: । তাকে নির্বাচন কমিটি কর্তৃক জারীকৃত নির্বাচনী তফসীল বহুল প্রচারের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করত: তফসীলের অনুলিপি সকল সদস্যদের মধ্যে প্রদানের প্রাপ্তি স্বীকার নিশ্চিত করতে অনুরোধ করা হলো ।

৩। জনাব.......................................সদস্য, নির্বাচন কমিটি, লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:।

৪। উপজেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ ।

৫। জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ ।

৬। সমিতির নোটিশ বোর্ড ।

(নিনাৎ ফৌজিয়া)
সভাপতি
নির্বাচন কমিটি
লাইফ কেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:
ও
উপজেলা সমবায় অফিসার
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ ।